

ISO 9001, ISO 14001  
& ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.৯৩.০০৫.২৪.৮০১

জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)  
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
ফোন নং-৮৯০০৩১৭  
ই-মেইল: prdreb@gmail.com

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সিনিয়র সিস্টেম এনালিস্ট  
আইসিটি পরিদপ্তর  
বাপবিবো, ঢাকা


### “বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডে শুদ্ধাচার পুরস্কার প্রদান”

৩১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ বুধবার বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের জনসংযোগ পরিদপ্তর কর্তৃক বাপবিবো'র ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাপবিবো'র গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত ০১ জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ০১ জন ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ০১ জন একজন করে মোট ৩ জন কর্মকর্তা/কর্মচারী এবং ৮০টি পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণের মধ্য হতে একজন সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারসহ মোট ০৪ জন কর্মকর্তা/কর্মচারীকে ২০২২-২৩ অর্থ বছরের বাপবিবো'র শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি বাপবিবো'র সম্মানিত চেয়ারম্যান জনাব অজয় কুমার চক্রবর্তী গ্রেড-২ হতে গ্রেড-৯ এর মধ্য হতে পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আসাফউদ্দৌলা, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এর মধ্য হতে গাড়ী চালক (হালকা) জনাব মোঃ নজরুল ইসলাম ও গ্রেড-১৭ হতে গ্রেড-২০ এর মধ্য হতে অফিস সহায়ক জনাব মোঃ আবু শামা এবং ৮০টি পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণের মধ্য হতে সিনিয়র জেনারেল ম্যানেজার জনাব অখিল কুমার সাহা-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

বাপবিবো'র সদস্য (প্রশাসন) জনাব মোঃ হাসান মারুফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত শুদ্ধাচার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সদস্য (অর্থ) ও সদস্য (সমিতি ব্যবস্থাপনা, অতিরিক্ত দায়িত্ব) জনাব দীপংকর বিশ্বাস, সদস্য (বিতরণ ও পরিচালন) জনাব দেবশীষ চক্রবর্তী ও সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আব্দুর রৌফ মিয়া বক্তব্য প্রদান করেন। এ সময় বাপবিবো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উপরোল্লিখিত প্রতিবেদনটি বাপবিবো'র ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক্যাপশনসহ ছবি ০৪ কপি।

  
(মোঃ হালিমুজ্জামান)  
পরিচালক

#### সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/অফিস প্রধান, বাপবিবো
- ০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস (প্রতিবেদনটি পবিস এর ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা
- ০৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন) বাপবিবো, ঢাকা